

সূর্যাস্ত

প্রিন্ট: ০৮ অক্টোবর ২০২৫, ০৯:৪৬ এএম


ক্যাম্পাস

জাবির ভর্তি পরীক্ষার শিডিউল ঘোষণা



জাবি প্রতিনিধি

প্রকাশ: ০৭ অক্টোবর ২০২৫, ০৭:২৯ পিএম



ফাইল ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ৫৫ ব্যাচের ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি। চলতি বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহ শুরু হতে পারে এবারের ভর্তি পরীক্ষা।

মঙ্গলবার (৭ অক্টোবর) দুপুরে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) সৈয়দ মোহাম্মদ আলী রেজা।

তিনি বলেন, কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভায় ভর্তি পরীক্ষার সম্ভাব্য সময় নিয়ে সিদ্ধান্ত হয়েছে। কমিটি এ বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা গ্রহণের প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে।

তিনি আরও বলেন, ভর্তি পরীক্ষা নিয়ে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক মাহফুজুর রহমানের নেতৃত্বে গঠিত কমিটি ভর্তি পরীক্ষার আনুষঙ্গিক বিষয়াবলি সমন্বয় করবেন।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) ও কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি অধ্যাপক মাহফুজুর রহমান বলেন, এ বছরের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা গ্রহণের প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে।

ভর্তি পরীক্ষার কেন্দ্র বৃদ্ধি কিংবা ইউনিটভিত্তিক পরীক্ষা গ্রহণে কোনো পরিবর্তন আসবে কিনা জানতে চাইলে তিনি বলেন, এ বিষয়ে এখনো সিদ্ধান্ত হয়নি। ভর্তি পরীক্ষা কমিটি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

